

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৩.১৩-

২০৬


তারিখঃ-০৬/১২/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের কর্মসংস্থান ব্যাংক হতে অধিক হারে ঋণ সুবিধা গ্রহণে অর্জিত অগ্রগতির প্রতিবেদন সংক্রান্ত।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৩.১৩-৩৪৩ তারিখ-১৯/০৮/২০১৫ খ্রিঃ।  
২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৩.১৩-৫৭০ তারিখ-০৬/১২/২০১৫ খ্রিঃ।  
৩। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৩.১৩-৮৪ তারিখঃ-২৩/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থান সৃজনের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ সুবিধা গ্রহণের অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিকভাবে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য একাধিকবার নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনা মতে বিবেচ্য প্রান্তিকে (জানুয়ারী-মার্চ '১৬) ২৬টি জেলা কার্যালয় হতে প্রতিবেদন পাওয়া যায়। অবশিষ্ট ৩৮টি জেলা যথাক্রমে ১। ঢাকা ২। মানিকগঞ্জ ৩। নরসিংদী ৪। মুন্সিগঞ্জ ৫। নেত্রকোণা ৬। কিশোরগঞ্জ ৭। জামালপুর ৮। টাংগাইল ৯। ফরিদপুর ১০। গোপালগঞ্জ ১১। নওগাঁ ১২। নাটোর ১৩। চাপাইনবাবগঞ্জ ১৪। সিরাজগঞ্জ ১৫। বগুড়া ১৬। জয়পুরহাট ১৭। নীলফামারী ১৮। গাইবান্ধা ১৯। পঞ্চগড় ২০। বরিশাল ২১। পিরোজপুর ২২। পটুয়াখালী ২৩। বরগুনা ২৪। খুলনা ২৫। সাতক্ষীরা ২৬। বাগেরহাট ২৭। নড়াইল ২৮। ঝিনাইদহ ২৯। কুষ্টিয়া ৩০। মেহেরপুর ৩১। চট্টগ্রাম ৩২। রাঙ্গামাটি ৩৩। খাগড়াছড়ি ৩৪। নোয়াখালী ৩৫। লক্ষ্মীপুর ৩৬। ফেনী ৩৭। চাঁদপুর ও ৩৮। মৌলভীবাজার হতে প্রতিবেদন পাওয়া যায়নি। আবার কিছু জেলা হতে কর্মসংস্থান ব্যাংকের সাথে সভা হয়েছে মর্মে জানানো হয়েছে। নেত্রকোণা, কিশোরগঞ্জ, বাগেরহাট ও চট্টগ্রাম এই চারটি জেলা হতে এ পর্যন্ত কর্মসংস্থান ব্যাংক হতে সুবিধা গ্রহণ বিষয়ক কোন প্রতিবেদন প্রেরণ করা হয়নি। এ বিষয়ে বারবার তাগিদ দেয়া সত্ত্বেও উক্ত জেলাসমূহ প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নির্বিকার রয়েছে।

বর্ণিত অবস্থায় যে সকল জেলা হতে জানুয়ারী-মার্চ '১৬ প্রান্তিকের প্রতিবেদন প্রেরণ করা হয়নি, সে সকল জেলাসহ ৪টি জেলা (নেত্রকোণা, কিশোরগঞ্জ, বাগেরহাট ও চট্টগ্রাম)-কে বাধ্যতামূলকভাবে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ঋণ বিতরণের অগ্রগতি সম্বলিত ৩য় প্রান্তিকের প্রতিবেদন আগামী ৩০/০৫/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে এবং সকল জেলাকে প্রতি প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।



(ফারিহা নিশাত)  
সহকারী পরিচালক  
(দাঃ বিঃ ও ঋণ শাখা)

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

----- (সংশ্লিষ্ট) জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৩.১৩-

২০৬

তারিখঃ-০৬/১২/২০১৫ খ্রিঃ


অনুলিপির সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- উপজেলা, ----- জেলা।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। অফিস কপি।



(ফারিহা নিশাত)  
সহকারী পরিচালক  
(দাঃ বিঃ ও ঋণ শাখা)